

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.২২.৬৪২

তারিখ: ২৮ জুলাই ২০২৫ খ্রি.


বিষয়: মাসিক কিস্তি আদায়ের হার নিরূপন করে ঋণ আদায় কার্যক্রম তদারকি জোড়দারকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের নিকট হতে আদায়কৃত ঋণের মাসিক কিস্তি আদায়ের হার এবং সফটওয়্যার হতে প্রাপ্ত OTR সম্পূর্ণ ভিন্ন বিষয়। তাই মাসিক কিস্তি আদায়ের হার নিম্নোক্তভাবে হিসাব করতে হবে:

$$\text{মাসিক কিস্তি আদায়ের হার} = \frac{\text{মাসিক ঋণ আদায়}}{\text{মাসিক ঋণ আদায়} + \text{কিস্তি খেলাপী} + \text{মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ}} \times 100$$

উল্লেখ্য, উপরোক্ত সূত্রে উল্লেখিত মাসিক ঋণ আদায় ও খেলাপীর পরিমাণ সফটওয়্যারের ১৮.৬ নং রিপোর্ট (Branch Manager Report) এর Part-B অংশ (For This Month) হতে মাসিক মোট ঋণ আদায়ের তথ্য কলাম নং ৩৭ হতে এবং কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ Part-C অংশ (End of The Month) এর কলাম নং ৪৯ ও ৫১ হতে তথ্য পাওয়া যাবে অথবা উপজেলায় রক্ষিত প্রকৃত তথ্য হতে মাসিক কিস্তি আদায়ের হার নির্ণয় করা যাবে অর্থাৎ সফটওয়্যারের OTR অনুযায়ী নির্ধারিত হবে না। ইরেসপো কর্মসূচির জনবল ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা অনুযায়ী বাৎসরিক উৎসাহ প্রণোদনা প্রদানের ক্ষেত্রে বর্ণিত সূত্র অনুযায়ী যাদের মাসিক কিস্তি আদায়ের গড় হার ৫০% বা ততোধিক এবং মেয়াদোত্তীর্ণ খেলাপী ০ (শূন্য) থাকবে শুধুমাত্র তাঁরাই উৎসাহ প্রণোদনা প্রদানের জন্য যোগ্য হবেন।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে উল্লেখিত প্রক্রিয়ায় মাসিক কিস্তি আদায়ের হার নিরূপন করে ঋণ আদায় কার্যক্রম তদারকি করার জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন: ০২-৪১০১০৩৪১

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
বিআরডিবি,.....(সকল উপজেলা)।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, .....(সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, বিআরডিবি,.....(সকল উপজেলা)।
৫. অফিস কপি।